



# গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

[www.gcc.gov.bd](http://www.gcc.gov.bd)

ফোন : ৯২৬৩৬৫২, ফ্যাক্স : ৯২৫৭২৪০-১১৬

আপনার শিশুকে টিকা দিন  
নিরাপদ খাদ্য সরবরাহ করুন  
সময়মত কর পরিশোধ করুন  
আপনার শহর পরিচ্ছন্ন রাখুন



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.১৯.০০০০.০১৬.২৩.০২৯.২৩-৪৬২

তারিখঃ ২৭/০৯/২০২৩

বিষয়ঃ এইচপিভি টিকাদান কেন্দ্রে দায়িত্ব পালনের লক্ষ্যে ০২ জন সুপারভাইজারের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্বঃঅধি/ইপিআই/ফিল্ড সার্ভিস/প্রশিক্ষণ/এইচপিভি/২০২৩/১২৪১,

তারিখঃ ২৮/০৮/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৪ অক্টোবর, ২০২৩খ্রিঃ হতে ১৮ দিন ব্যাপী অনুষ্ঠিতব্য এইচপিভি টিকাদান ক্যাম্পেইন কার্যক্রমে ১০-১৪ বছর বয়সী ছাত্রী/কিশোরীদেরকে জরায়ুমুখের ক্যান্সার প্রতিরোধী কার্যকর ০১ ডোজ এইচপিভি টিকা প্রদান করা হবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের মধ্যে ১ম ১০ দিন শিক্ষা প্রতিষ্ঠানে ও স্থায়ী কেন্দ্রসমূহে (৫ম-৯ম শ্রেণীর) ছাত্রীদের টিকাদান কার্যক্রম চলবে এবং পরবর্তী ০৮ দিন স্থায়ী ও অস্থায়ী কেন্দ্রসমূহের মাধ্যমে স্কুল বহির্ভূত ১০-১৪ বছর বয়সী কমিউনিটি কিশোরীদেরকে ০১ ডোজ এইচপিভি টিকা প্রদান করা হবে।

সে লক্ষ্যে এইচপিভি টিকাদান কেন্দ্রে দায়িত্ব পালনের জন্য তাঁর আওতাধীন প্রতিটি ওয়ার্ড হতে ০২ জন সুপারভাইজারের নাম (যার স্মার্টফোন আছে এবং চালনায় দক্ষ), পদবী ও মোবাইল নাম্বারসহ নিম্নে বর্ণিত “ছক” মোতাবেক আগামী ২ (দুই) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ছক

জোন নং	ওয়ার্ড নম্বর	ক্রঃ নং	০২ জন সুপারভাইজারের নাম	সুপারভাইজারের মোবাইল নম্বর

বিষয়টি অতীব জরুরী।

কাউন্সিলর (সকল)  
গাজীপুর সিটি কর্পোরেশন  
গাজীপুর।

*Rahmat*

ডাঃ মোহাম্মদ রহমত উল্লাহ  
স্বাস্থ্য কর্মকর্তা  
গাজীপুর সিটি কর্পোরেশন  
মোবঃ ০১৭৭০-৯৫৬৫৭২

ইমেইল- dr.rahamat@yahoo.com

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, গাজীপুর।
০৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমএনসিএডএইচ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সদস্য সচিব কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাস্ক ফোর্স কমিটি।
০৫. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ।
০৬. প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৭. সিভিল সার্জন, গাজীপুর।
০৮. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০৯. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন, (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
১২. আরবান ইপিআই কনসালটেন্ট, ইউনিসেফ, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৩. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
১৪. প্রধান শিক্ষক....., গাজীপুর।
১৫. ওয়ার্ড সচিব (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৬. অফিস কপি।